# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৭৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ইয়ামান ও শাম (সিরিয়া) দেশের বর্ণনা এবং উওয়াইস করানী-এর আলোচনা

## اَلْفصْلُ الثَّالِثُ ( بَاب تَسْمِيَة من سمي من أهل الْبَدْر فِي «الْجَامِعِ لِلْبُخَارِيِّ» )

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْخِلَافَةُ بِالْمَدِينَةِ وَالْمُلْكُ بِالشَّام»

اسناده ضعيف ، رواه البيهقى فى دلائل النبوة (6 / 447) [و الحاكم (3 / 72 ح 4440 ـ فيه سليمان بن ابى سليمان الهاشمى مولى ابن عباس : لايعرف و هيشم مدلس و عنعن ـ
(ضَعِيفٌ)

বাংলা

৬২৭৯-[১৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: খিলাফত মদীনাতে এবং বাদশাহী হলো সিরিয়ায়।

ফুটনোট

যঈফ: বায়হাক্বী আদ দালায়িলুন নুবুওয়্যাহ্ ৬/৪৪৭, বৈরুত ছাপা; হাদীসটি য'ঈফ হওয়ার কারণ সুলায়মান ও তার পিতা উভয়েই য'ঈফ, য'ঈফাহ ১১৮৮, য'ঈফুল জামি ২৯৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لْخِلَافَةُ بِالْمَدِينَةِ)খিলাফত মদীনায় থাকে অর্থাৎ অধিকাংশ সময়ে। এজন্য যে, ‘আলী (রাঃ) স্বীয় খিলাফতের সময় কূফায় থাকতেন। অথবা এর অর্থ হলো মদীনায় খিলাফত স্থায়ী থাকবে।

(وَالْمُلْكُ بِالشَّام) বাদশাহী বা রাজত্ব থাকবে শামে। এ হাদীসে ‘আলী (রাঃ)-এর খিলাফত ও মু'আবিয়াহ্ (রাঃ)-এর রাজত্বের ইঙ্গিত রয়েছে। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৯৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86256

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন